দৈনিক জনকণ্ঠ

তারিখ 11 SEP 1995
পৃষ্ঠা ৭২ কলাম ৫

ঢাকা বিশ্ববিদ্যালয় অনার্স পরীক্ষা

# বিএনসিসি'র মিলিটারি সায়েন্স পরীক্ষার নম্বর যোগ নিয়মের বিরুদ্ধে আপত্তি

**স্টাফ রিপোর্টার ।** ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনার্স পরীক্ষায় বিএনসিসি'র মিলিটারি সায়েন্স পরীক্ষার নম্বর যোগ করার বর্তমান নিয়মের বিরুদ্ধে ছাত্র-ছাত্রী ও অভিভাবকদের একাংশ আপত্তি তুলেছেন। বিএনসিসিতে ভর্তি না হওয়া মেধাবী ছাত্র-ছাত্রীরা এর ফলে বৈষম্যের শিকার হচ্ছেন বলে তাঁরা অভিযোগ করেন।

বর্তমানে প্রচলিত নিয়মঅনুযায়ী বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোরের সদস্য কোন ছাত্র বা ছাত্রী সিনিয়র মিলিটারি সায়েন্স পরীক্ষায় ৫০-এর বেশি নম্বর পেলে অতিরিক্ত নম্বর অনার্স পরীক্ষার নম্বরের সঙ্গে যুক্ত হয়। তবে সিনিয়র মিলিটারি সায়েন্স পরীক্ষার আগে তাকে জুনিয়র মিলিটারি সায়েন্স পরীক্ষায় উত্তীর্ণ হতে হয়। এই দু'টিই বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত এক বছর মেয়াদী সার্টিফিকেট কোর্স। তবে অতিরিক্ত নম্বর অনার্স পরীক্ষার নম্বরের সঙ্গে যুক্ত হলেও তার ভিত্তিতে ছাত্র-ছাত্রীর প্রাপ্ত শ্রেণীর কোন পরিবর্তন হয় না। অর্থাৎ কোন ছাত্র দ্বিতীয় শ্রেণী পেয়ে থাকলে অতিরিক্ত নম্বর যোগ করে তাকে প্রথম শ্রেণী দেয়া যাবে না। এই অতিরিক্ত নম্বর যোগ করার পর কেবল তার মেধাক্রম পরিবর্তন করা যাবে।

এ নিয়মের বিরোধীতাকারী ছাত্র-ছাত্রী ও অভিভাবকদের যুক্তি হচ্ছে— অনাবাসিক ছাত্র-ছাত্রীদের পক্ষে বিএনসিসি করা সম্ভব হয় না। তাছাড়া মিলিটারি সায়েন্স পরীক্ষায় প্রাপ্ত নম্বর সম্পূর্ণ ভিন্ন বিষয়ের অনার্স পরীক্ষার সঙ্গে যুক্ত করার কোন অর্থ নেই। তাঁরা এই নিয়ম বাতিলের দাবি জানান।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিএনসিসি'র দায়িত্বপ্রাপ্ত শিক্ষক অধ্যাপক ডঃ শাহাদত আলী বলেন, অতিরিক্ত নম্বর যোগ করার এই নিয়ম বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার একেবারে গোড়ার সময় থেকে প্রচলিত। মিলিটারি সায়েন্স পরীক্ষায় প্রাপ্ত নম্বর অনার্স পরীক্ষায় নম্বরের সঙ্গে যোগ করা যাবে না এ যুক্তি ঠিক নয়। কারণ এই কোর্সও বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত এবং পড়াশোনা করেই ছাত্র-ছাত্রীদের এ পরীক্ষা দিতে হয়। ৫০ নম্বরের অতিরিক্ত নম্বরই কেবল অনার্সের নম্বরের সঙ্গে যুক্ত হয়। তাছাড়া কোন অবস্থাতেই মিলিটারি সায়েন্স পরীক্ষায় প্রাপ্ত নম্বর থেকে ২৫ নম্বরের বেশি অনার্সের নম্বরের সঙ্গে যোগ করার নিয়ম নেই।